

বিজিআইসি টাওয়ার, (১ম- ৪র্থ এবং ৯ম- ১০ম তলা)

নম্বর ৫৩.২২.০০০০.১১০.১৭.০০১.১৯.৭৪

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

১৩ আগস্ট ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: **জাতীয় শোক দিবস ২০২০ পালনে বিআইসিএম এর কর্মসূচি**

জাতীয় শোক দিবস ২০২০ পালনে মাসব্যাপী কর্মসূচি গ্রহণ করেছে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট।

কর্মসূচি সমূহ নিম্নরূপ-

১. ইন্সটিটিউটের পক্ষ থেকে শ্রদ্ধা জানিয়ে ব্যানার তৈরী করে ইন্সটিটিউটের প্রবেশমুখে স্থাপন।
২. ১৫ আগস্ট ২০২০ তারিখ জাতীয় শোক দিবসে ইন্সটিটিউটে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।
৩. ধানমন্ডির ৩২ নম্বর (পুরাতন) রোডেস্থ 'বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে' জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ইন্সটিটিউটের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ।
৪. জাতীয় শোক দিবসে ইন্সটিটিউটের কর্মচারীগণের কালো ব্যাজ ধারণ।
৫. ১৬ আগস্ট ২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ইন্সটিটিউট-এর সম্মেলন কক্ষে দোয়া মাহফিল আয়োজন।
৬. ১৬ আগস্ট ২০২০ তারিখে ইন্সটিটিউট-এর সম্মেলন কক্ষে 'বঙ্গবন্ধু অর্থনৈতিক জীবনদর্শন' এর উপর আলোচনা সভা আয়োজন।
৭. ইন্সটিটিউটের লাইব্রেরিতে 'মুজিব বুক কর্ণার' উদ্বোধন।
৮. ইন্সটিটিউটের ডিজিটাল ডিসপ্লে বোর্ড উদ্বোধন এবং সেখানে বঙ্গবন্ধুর জীবনীর উপর তথ্যচিত্র প্রদর্শন।
৯. ইন্সটিটিউটের ওয়েবসাইট, ফেসবুক পেইজ, ও ইউটিউব চ্যানেলে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে ভিডিও, ও ফটো কোলাজ প্রচার।
১০. ইন্সটিটিউটের কর্মচারী ও শিক্ষার্থীদের বৃক্ষরোপণ আহ্বান।



১৪-৮-২০২০

খালেদা জেসমিন

জনসংযোগ কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সহকারী সিস্টেম এডমিনিস্ট্রেটর, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (ওয়েবসাইটে আপলোডের জন্য)